গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd

স্মারক নম্বর- ৪৫.০০.০০০০.১৬০.৯৯.০০১.২৩.৯৮

তারিখ: ১৬ চৈত্র, ১৪২৯ বঙ্গাব্দ / ৩০ মার্চ, ২০২৩ খ্রিষ্টাব্দ

**বিষয়ঃ ইনস্টিটিউশনাল প্র্যাকটিস নীতিমালা-২০২৩**

১. **ভূমিকাঃ** ক্রমবর্ধিষ্ণু জনসাধারণের চিকিৎসা সেবা নিশ্চিতকরণে সরকারি স্থাপনা ও বিদ্যমান সুবিধাদির সর্বোচ্চ ব্যবহারের মাধ্যমে সরকারি হাসপাতালসমূহে নির্ধারিত অফিস সময়ের পর চিকিৎসা সেবা প্রদানের লক্ষ্যে সরকার কর্তৃক ইনস্টিটিউশনাল প্র্যাকটিস নীতিমালা-২০২৩ প্রণয়ন করা হলো।

২. **শিরোনামঃ** এই নীতিমালা সকল সরকারি স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানের অফিস সময়-পরবর্তী (সাপ্তাহিক ছুটি এবং সরকারি ছুটির দিন ব্যতীত) 'ইনস্টিটিউশনাল প্র্যাকটিস নীতিমালা-২০২৩' নামে অভিহিত হবে এবং তা অবিলম্বে কার্যকর হবে।

৩. **প্রযোজ্যতাঃ** সকল সরকারি মেডিকেল কলেজ হাসপাতাল/ বিশেষায়িত হাসপাতাল/ জেলা ও উপজেলা পর্যায়ের হাসপাতালের ক্ষেত্রে এ নীতিমালা প্রযোজ্য হবে।

৪. **সংজ্ঞাঃ**

(ক) ইনস্টিটিউশনাল প্র্যাকটিস বলতে অফিস সময়-পরবর্তী বৈকালিক স্বাস্থ্য সেবা প্রদান অর্থাৎ স্ব-স্ব স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানের বিশেষজ্ঞ চিকিৎসক/ এমবিবিএস/বিডিএস অথবা সমমানের চিকিৎসক কর্তৃক নির্ধারিত ফি'র বিনিময়ে অফিস-পরবর্তী সময়ে জনসাধারণকে প্রদত্ত সেবা।

(খ) কর্তৃপক্ষ অর্থ এ্যালোকেশন অব বিজনেস অনুযায়ী নিয়োগ, বদলি/পদায়নের ক্ষমতাপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তরকে বুঝাবে।

(গ) অফিস-পরবর্তী সময় বলতে বিকেল ৩.০০-৬.০০ টা সময়কাল বুঝাবে। তবে শর্ত থাকে যে, নির্দিষ্ট দিনে রেজিস্ট্রেশনকৃত রোগী দেখা সম্পন্ন না হওয়া পর্যন্ত চিকিৎসা সেবা প্রদান করতে হবে।

(ঘ) চিকিৎসক বলতে সরকারি স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে কর্মরত বিএমএন্ডডিসি স্বীকৃত পোস্টগ্রাজুয়েট এবং এমবিবিএস/বিডিএস বা সমমর্যাদার ডিগ্রিধারী চিকিৎসকগণকে বুঝাবে।

(ঙ) বিশেষজ্ঞ চিকিৎসক বলতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন স্ব-স্ব বিষয়সমূহে বিশেষজ্ঞ অধ্যাপক/ সহযোগী অধ্যাপক/ সহকারী অধ্যাপক/ সিনিয়র কনসালটেন্ট/ জুনিয়র কনসালটেন্ট এবং পোস্টগ্রাজুয়েট চিকিৎসকগণকে বুঝাবে।

৫. **ইনস্টিটিউশনাল প্র্যাকটিস নীতিমালার প্রয়োগঃ**

(ক) মেডিকেল কলেজ হাসপাতাল/ বিশেষায়িত হাসপাতাল/জেলা ও উপজেলা পর্যায়ের হাসপাতালসমূহে জনসাধারণের চিকিৎসা সেবা প্রদানের জন্য প্রতিষ্ঠানের বিদ্যমান সুবিধাদি বিবেচনাপূর্বক বহিঃবিভাগে/ প্রতিষ্ঠানের সুবিধাজনক স্থানে কনসালটেশন সার্ভিস পর্যায়ক্রমে চালু করা হবে।

(খ) সেবা প্রত্যাশীগণ নির্ধারিত ফি'র বিনিময়ে বিশেষজ্ঞ চিকিৎসক/এমবিবিএস/বিডিএস অথবা সমমানের চিকিৎসকগণের চিকিৎসা সেবা গ্রহণ করতে পারবেন। তবে, রিপোর্ট দেখানোর ক্ষেত্রে রোগীকে কোন ফি প্রদান করতে হবে না।

(গ) হাসপাতালের সার্বিক সেবা কার্যক্রম অব্যাহত রেখে শল্য চিকিৎসার (সার্জারি) প্রয়োজনে নির্ধারিত মূল্যে অপারেশন থিয়েটার ও অন্যান্য লজিস্টিক সাপোর্ট ব্যবহার করে সার্জারি সেবা প্রদান করা যাবে।

(ঘ) কোন চিকিৎসক জরুরি প্রয়োজনে অনুমোদিত ছুটিতে থাকলে সমমর্যাদা সম্পন্ন অন্য কোন চিকিৎসক দায়িত্ব পালন করবেন;

(ঙ) কর্তৃপক্ষের পূর্বানুমোদন ব্যতিরেকে এরুপ চিকিৎসা সেবা প্রদান বন্ধ রাখা যাবে না;

(চ) রোগীর তথ্যাদি যথাযথভাবে রেজিষ্টারে/ ডিজিটাল পদ্ধতিতে সংরক্ষণ নিশ্চিত করতে হবে;

(ছ) ইনস্টিটিউশনাল প্রাকটিস সংক্রান্ত সার্বিক কার্যক্রম পরিচালনা ও ব্যবস্থাপনার দায়িত্ব স্ব-স্ব প্রতিষ্ঠান প্রধানগণ পালন করবেন;

(জ) কনসালটেশন রুমে প্রয়োজনীয় সংখ্যক নার্স/এটেনডেন্ট সহযোগী হিসেবে রাখতে হবে;

(ঞ) প্রাতিষ্ঠানিক চিকিৎসা সেবায় বহিঃবিভাগে নিম্নবর্ণিত কার্যক্রমসমূহ অনুসরণ করতে হবেঃ-

১. পরিচালক/তত্ত্বাবধায়ক/ইউএইচএফপিও সংশ্লিষ্ট সকলের রোস্টার ডিউটি প্রণয়ন করবেন;

২. রোগীর সংখ্যা/ চাহিদা অনুযায়ী জনবল নির্ধারণ করতে হবে;

৩. হাসপাতালের অবকাঠামো এবং সক্ষমতা বিবেচনায় নিয়ে সেবা কার্যক্রম পরিচালনা করতে হবে।

৬. **সম্ভাব্য সেবাসমূহঃ**

i) কনসালটেশন সেবা;
ii) ডায়াগনস্টিক ও ল্যাবরেটরি সেবা;
iii) Procedures (CAG, Endoscopy, Colonoscopy, Laparoscopy, Cystoscopy, ECHO, ERCP, SPIROMETRY, TPM ইত্যাদি)
iv) Radiology & Imaging সেবা
v) সার্জিক্যাল সেবা

৭. **ডিউটি রোস্টারঃ**

১.

| মেডিকেল কলেজ হাসপাতাল/বিশেষায়িত হাসপাতাল | জেনারেল/ জেলা সদর হাসপাতাল/উপজেলা পর্যায়ের হাসপাতাল |
|---|---|
| • অধ্যাপক সপ্তাহে ২দিন।<br>• সহযোগী অধ্যাপক সপ্তাহে ২দিন।<br>• সহকারী অধ্যাপক সপ্তাহে ২দিন।<br>• ল্যাবরেটরি (বিকাল ৩টা হতে সন্ধ্যা ৬টা পর্যন্ত)<br>• Anesthetist রোস্টার-এর বাইরে ১ জন প্রতিদিন।<br>• চিকিৎসকের প্রাপ্যতা, হাসপাতালের শয্যা সংখ্যা, রোগী নিবন্ধনের হার, বেড অকুপেন্সি ইত্যাদি বিবেচনা সাপেক্ষে হাসপাতালের পরিচালক মেডিকেল কলেজের অধ্যক্ষের সাথে পরামর্শক্রমে ডিউটি রোস্টার নির্ধারণ করবেন। | • সিনিয়র কনসালটেন্ট ২দিন (প্রযোজ্য ক্ষেত্রে)।<br>• জুনিয়র কনসালটেন্ট ২দিন।<br>• জেনারেল প্রাকটিশনারস ২ দিন। (এমবিবিএস/বিডিএস/সমমান)<br>• ল্যাবরেটরি (বিকাল ৩টা হতে সন্ধ্যা ৬টা পর্যন্ত)<br>• Anesthetist চাহিদা বিবেচনায় নির্ধারণযোগ্য।<br>• চিকিৎসকের প্রাপ্যতা, হাসপাতালের শয্যা সংখ্যা, রোগী নিবন্ধনের হার, বেড অকুপেন্সি ইত্যাদি বিবেচনা সাপেক্ষে মেডিকেল কলেজ হাসপাতাল হিসেবে ব্যবহৃত হচ্ছে এমন জেলা সদর হাসপাতালের তত্ত্বাবধায়ক প্রযোজ্য ক্ষেত্রে মেডিকেল কলেজের অধ্যক্ষের সাথে পরামর্শক্রমে ডিউটি রোস্টার নির্ধারণ করবেন। |

২. ২:৩০ মি. হতে ৫.০০ পর্যন্ত রোগীর রেজিস্ট্রেশন কার্যক্রম চলবে। তবে, সার্বিক অবস্থা বিবেচনা করে হাসপাতাল প্রধান রেজিস্ট্রেশনের সংখ্যা নির্ধারণ করবেন।

৩. বৈকালিক সার্ভিসে ব্যবহৃত রেজিস্ট্রেশন কার্ড শুধুমাত্র বৈকালিক আউট ডোরের ক্ষেত্রে ব্যবহৃত হবে।

৪. ভর্তিযোগ্য রোগী যথাযথ প্রক্রিয়ায় হাসপাতালে ভর্তি হবেন।

৮। **আর্থিক ব্যবস্থাপনাঃ**

১. চিকিৎসক ও সহায়তাকারীদের সম্মানী নিম্নবর্ণিতভাবে বন্টন করা হবে।

| ক্র নং | বিবরণ | বিশেষজ্ঞ | | চিকিৎসা সেবায় সহায়তাকারী | সার্ভিস চার্জ | মোট |
|---|---|---|---|---|---|---|
| ১ | চেম্বার পরামর্শ | (১) অধ্যাপক | ৪০০/- | ৫০/- | ৫০/- | ৫০০/- |
| | | (২) সহযোগী অধ্যাপক/সিনিয়র কনসালটেন্ট- | ৩০০/- | ৫০/- | ৫০/- | ৪০০/- |
| | | (৩) সহকারী অধ্যাপক/জুনিয়র কনসালটেন্ট/পোস্ট গ্রাজুয়েট ডিগ্রিধারী চিকিৎসক | ২০০/- | ৫০/- | ৫০/- | ৩০০/- |
| | | (৪) এমবিবিএস/বিডিএস ও সমমান- | ১৫০/- | ২৫/- | ২৫/- | ২০০/- |

২. বৈকালিক সেবায় প্রদত্ত সার্জারি, ডায়াগনস্টিক ও ল্যাবরেটরি সেবা থেকে প্রাপ্ত অর্থের বিভাজনঃ

| ক্রমিক | চিকিৎসা সেবা | বিশেষজ্ঞ (টাকা) | চিকিৎসা সেবায় সহায়তাকারী (নার্স ও অন্যান্য)/বিভাগ (টাকা) | সার্ভিস চার্জ (টাকা) |
|---|---|---|---|---|
| ১ | সার্জারি মাইনর (Local Anesthesia) | ১০০০+৮০০ | ৪০০ | ৩০০ |
| ২ | সার্জারি মেজর | ১৫০০+১০০০ | ৫০০ | ৫০০ |
| ৩ | ডায়াগনস্টিক/প্যাথলজিক্যাল/ক্লিনিক্যাল/প্যারাক্লিনিক্যাল টেস্ট | | ৫০% | ৫০% |
| ৪ | Radiology & Imaging সেবা | | ৩০% | ৭০% |

৩. কনসালটেশন সার্ভিসে বিশেষ টিকেটসহ অন্যান্য আনুষাঙ্গিক খরচ সার্ভিস চার্জ এর আয় থেকে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ব্যয় করতে হবে।

৪. রোগী দেখার ব্যবস্থা, অপেক্ষা কক্ষ, রোগ নির্ণয়, পরীক্ষা-নিরীক্ষা ও অন্যান্য যাবতীয় কাজের জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি, রাসায়নিক দ্রব্য ও জনবল ইত্যাদি যথাযথ কর্তৃপক্ষ নিশ্চিত করবেন। রোগীদের নিকট থেকে আদায়কৃত সেবা মূল্য/ফি এর নির্ধারিত অংশ থেকে এসকল ব্যয় নির্বাহ করতে হবে।

৫. প্রতিষ্ঠান প্রধান প্রতিমাসে তহবিলের আয়-ব্যয়ের হিসাব রাখবেন, কর্তৃপক্ষ বরাবর মাসিক প্রতিবেদন এবং ৬ মাস পরপর ইনস্টিটিউশনাল প্র্যাকটিস মনিটরিং কমিটির নিকট সার্বিক প্রতিবেদন প্রেরণ করবেন।

৬. স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় দ্রুততম সময়ে ইনস্টিটিউশনাল প্র্যাকটিস মনিটরিং কমিটি গঠন করবে।

৭. নিয়ন্ত্রণকারী কার্যালয় (মেডিকেল কলেজ হাসপাতাল ও বিশেষায়িত হাসপাতালের ক্ষেত্রে অধিদপ্তর, জেলা সদর/জেনারেল হাসপাতালের ক্ষেত্রে বিভাগীয় পরিচালক এবং উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ক্ষেত্রে সিভিল সার্জন) তার অধস্তন স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানসমূহে ইনস্টিটিউশনাল প্রাকটিস-এর স্বাস্থ্য সেবা কার্যক্রম এবং আয়-ব্যয়সহ সার্বিক বিষয়াদি নিয়মিত পরিবীক্ষণ নিশ্চিত করবে।

৯. **অডিটঃ** বছর শেষে একবার সরকারি অডিট টিম দ্বারা অডিট সম্পন্ন করতে হবে এবং অডিট প্রতিবেদন স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

১০. সরকার যে কোন সময় এ নীতিমালার যে কোন অংশ পরিবর্তন, পরিমার্জন, প্রতিস্থাপন করতে পারবে।

৩০.০৩.২০২৩

(মোহাম্মদ রোকন উদ্দিন)
উপসচিব
ফোনঃ ৯৫৫৬৯৮৯

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):**

১. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
২. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৪. চ্যান্সেলর, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৫. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৬. মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৭. মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইয়ারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৮. সভাপতি, বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল (বিএমএন্ডডিসি), ঢাকা।
৯. সভাপতি, বাংলাদেশ মেডিকেল এসোসিয়েশন (বিএমএ), ঢাকা।
১০. সভাপতি, স্বাধীনতা চিকিৎসক পরিষদ (স্বাচিপ), ঢাকা।
১১. অধ্যক্ষ, মেডিকেল কলেজ (সকল)।
১২. পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল/ বিশেষায়িত হাসপাতাল (সকল)।
১৩. পরিচালক (প্রশাসন/হাসপাতাল ও ক্লিনিক/অর্থ), স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা।
১৪. বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য)-সকল।
১৫. তত্ত্বাবধায়ক/ সিভিল সার্জন (সকল)।
১৬. ইউএইচএফপিও (সকল)।

স্মারক নম্বর- ৪৫.০০.০০০০.১৬০.৯৯.০০১.২৩.৯৮ তারিখ: ১৬ চৈত্র, ১৪২৯ বঙ্গাব্দ / ৩০ মার্চ, ২০২৩ খ্রিষ্টাব্দ

**অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):**

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

৩০.০৩.২০২৩

(মোহাম্মদ রোকন উদ্দিন)
উপসচিব